

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
লাইফ ভিউ-ফুলকুটির, মীম শরৎ এ্যাপার্টমেন্ট(৫ম তলা)  
৭৪ বঙ্গবন্ধু রোড, উকিলপাড়া, নারায়ণগঞ্জ-১৪০০।  
www.food.narayanganj.gov.bd

নম্বর: ১৩.০১.৬৭০০.০০০.৪৫.০০২.২৪.১৫৭৫

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
০১ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

"সিদ্ধ চালের বরাদ্দদেশ"

খাদ্য মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সংগ্রহ শাখার ১৪.১১.২০২৪ তারিখের ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০২.২৪.২৪৬নং, খাদ্য অধিদপ্তরের অভ্যন্তরীণ সংগ্রহ শাখার ১৪.১১.২০২৪ তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৩.২৪.৪২১নং এবং আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা দপ্তরের ১৪.১১.২০২৪ তারিখের ১৩.০১.০০০০.০০০.৪৫.০০৩.২৪.২৩০২নং স্মারকের নির্দেশনা অনুযায়ী নিম্নবর্ণিত মিলের পাক্ষিক মিলিং ক্ষমতার আনুপাতিক হারে ৬নং কলামে বর্ণিত পরিমাণ আমন সিদ্ধ চাল বস্তার জামানত অনুযায়ী ৫নং কলামে বর্ণিত কিস্তিতে নারায়ণগঞ্জ সিএসডিতে সরবরাহের জন্য বরাদ্দ দেয়া হলো। অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালার ১৬(চ)নং অনুচ্ছেদ মোতাবেক সংশ্লিষ্ট প্রত্যয়নকারী কর্মকর্তা চাল প্রস্তুত প্রক্রিয়া পরিদর্শন করে প্রত্যয়ন করবেন। ব্যবস্থাপক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এবং গুদাম ইনচার্জ সংগ্রহ নীতিমালা, চুক্তিপত্রের শর্ত ও প্রত্যয়নকারী কর্মকর্তার প্রত্যয়ন অনুযায়ী বিনির্দেশ মোতাবেক আমন সিদ্ধ চাল গ্রহণ করবেন। মিলার এলএসডি হতে সরবরাহকৃত খাদ্য অধিদপ্তরের লোগো সম্বলিত বস্তার অপরপিঠে মিলের নাম, উপজেলার নাম, সংগ্রহ মৌসুম (আমন), সিদ্ধ চাল, সিএসডি, জেলার নাম ও উৎপাদনের সময় সম্বলিত স্ক্রিন প্রিন্টের তৈরি ডিজিটাল স্টেনসিলের সুস্পষ্ট ছাপ (অক্ষর ও সংখ্যার আকার কমপক্ষে ১.২৫-১.৫ ইঞ্চি) প্রদান করবেন। ডিজিটাল স্টেনসিলের সুস্পষ্ট ছাপবিহীন খাদ্যশস্য ভর্তি বস্তা গ্রহণ করা হবে না। ব্যবস্থাপক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কারিগরী খাদ্য পরিদর্শক ও গুদাম ইনচার্জ চালের মান নিশ্চিত করবেন। চুক্তিপত্রের জামানত অনুযায়ী ৭নং কলামে বর্ণিত সংখ্যক ৩০ কেজির ধারণক্ষম বস্তা প্রদানের জন্য বলা হলো।

ক্র. নং	চালকলের নাম ও ঠিকানা	খাদ্য গুদামের নাম	চুক্তির পরিমাণ (মে.টন)	বরাদ্দের পরিমাণ (মে.টন)				মন্তব্য
				কিস্তি	পরিমাণ	বস্তা	চাল সরবরাহের মেয়াদ	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
১।	মেসার্স হাজী আলাউদ্দিন অটো রাইস মিলস, মোহনপুর, মদনগঞ্জ, বন্দর, নারায়ণগঞ্জ।	নারায়ণগঞ্জ সিএসডি, নারায়ণগঞ্জ।	১৭৮.০০০	সম্পূর্ণ	১৭৮.০০০	৫৯৩৪	১৬.১২.২০২৪	

উল্লেখ্য, ব্যবস্থাপক, নারায়ণগঞ্জ সিএসডিকে খাদ্য অধিদপ্তরের কম্পিউটার নেটওয়ার্ক ইউনিটের ১৬.১১.২০২০ তারিখের ৩২৮নং স্মারকের নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক গুদাম হতে মিলারকে সরবরাহকৃত খালি বস্তার গায়ে জুট মিলের নাম ক্রসচেক করে ডিজিটাল স্টেনসিল সম্বলিত সরকারি বস্তায় চাল সংগ্রহ নিশ্চিত করতে হবে।

০১-১২-২০২৪  
মোহাম্মদ বাবুল হোসেন  
জেলা খাদ্য নিয়ন্ত্রক

নম্বর:

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
০১ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।

- ৪। উপজেলা নির্বাহী অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ।
- ৫। ব্যবস্থাপক, নারায়ণগঞ্জ সিএসডি, নারায়ণগঞ্জ (সংযুক্ত চুক্তিপত্র)।
- ৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(কারিগরী), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা।
- ৭। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বন্দর, নারায়ণগঞ্জ (সংযুক্ত চুক্তিপত্র)।
- ৮। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বন্দর, নারায়ণগঞ্জ।
- ৯। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, মদনগঞ্জ শাখা, বন্দর, নারায়ণগঞ্জ।
- ১০। কারিগরী খাদ্য পরিদর্শক, নারায়ণগঞ্জ সিএসডি, নারায়ণগঞ্জ।
- ১১। জনাব মোঃ রফিকুল হক, কারিগরী খাদ্য পরিদর্শক, নারায়ণগঞ্জ সিএসডি, নারায়ণগঞ্জ ও প্রত্যয়নকারী কর্মকর্তা।
- ১২। মেসার্স হাজী আলাউদ্দিন অটো রাইস মিলস, মোহনপুর, মদনগঞ্জ, বন্দর, নারায়ণগঞ্জ।



০১-১২-২০২৪  
মোহাম্মদ বাবুল হোসেন  
জেলা খাদ্য নিয়ন্ত্রক